# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২১৯

পর্ব ২১: খাদ্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

## الْفَصْلُ الثَّانِي

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ بَاتَ وَفِي يَدِهِ غَمَرٌ لَمْ يَغْسِلْهُ فَأَصَابَهُ شَيْءٌ فَلَا يَلُومَنَّ إِلَّا نَفْسَهُ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاوُدَ وَابْن مَاجَه

বাংলা

৪২১৯-[৬১] আবূ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি এমন অবস্থায় রাত্রিযাপন করে যে, তার হাতের মধ্যে খাদ্যের চিহ্ন (তেল, চর্বি ইত্যাদি) থেকে যায়, সে তা ধৌত করেনি। পরে কোন কিছু তার অনিষ্ট করে, তবে সে যেন নিজেকেই দোষারোপ করে।
(তিরমিযী, আবূ দাঊদ ও ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] সহীহ : তিরমিযী ১৮৬০, ইবনু মাজাহ ৩২৯৭, আবূ দাঊদ ৩৮৫২, সহীহুল জামি‘ ৬৫৬৪, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২১৬৬, সহীহ আল আদাবুল মুফরাদ ৫১৬, সিলসিলাতুস্ সহীহাহ্ ২৯৫৬, মুসান্নাফ ‘আবদুর রায্যাক ২০৯৩৯, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ২৬২১৬, সহীহ ইবনু হিব্বান ৫৫২১, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ১৫০০২।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ ‘আল্লামা শাওকানী (রহিমাহুল্লাহ) বলেনঃ সাধারণত খাবারের পর ধৌত না করা হাতে যে কোন ক্ষতি পৌঁছার সম্ভাবনা থাকে।

ইবনু আরসালান (রহিমাহুল্লাহ) বলেনঃ আশনান-সববুন (বিশেষ ধরনের উদ্ভিত যা সাবানের কাজ করে) ও এর সমার্থসম্পন্ন বস্তু (সাবান, হ্যান্ডওয়াশ, মাটি-ছাই ইত্যাদি) দ্বারা হাত ধৌত করাই উত্তম। (তুহফাতুল আহ্ওয়াযী ৫ম খন্ড, হাঃ ১৮৬০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74942

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন